

AH-I/Bengali-101C-1/19

B.A. Semester I (Honours) Examination, 2018-19

BENGALI

Course ID: 10111

Course Code: AHBNG-101C-1

Course Title: বাংলা সাহিত্যের ঐতিহ্য

Time: 2 Hours

Full Marks: 40

*The figures in the right hand side margin indicate marks.
Candidates are required to give their answers in their own words
as far as practicable.*

*দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নের পূর্ণমানের নির্দেশক।
পরীক্ষার্থীদের যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দিতে হবে।*

- ১। যে-কোনো পাঁচটি প্রশ্নের উত্তর দাও : ২×৫=১০
- (ক) যে কোনো একটি চর্যাপদের প্রথম দুই পংক্তি উল্লেখ করো যেখানে সমকালীন সমাজজীবনের ছবি ধরা পড়েছে।
- (খ) 'সোনে ভরিতী করুণা নাবী
রূপা থোই নাহিক ঠাবী' — পদটির পদকর্তা কে? এখানে 'সোনা' ও 'রূপা' কীসের প্রতীক?
- (গ) 'ব্ল্যাক অ্যাক্ট' ও 'ইন্ডিগো কমিশন' কী?
- (ঘ) 'দাদন' ও 'গাদন' বলতে কী বোঝো?
- (ঙ) 'কাঠের সঁউতি মোর হৈলা অষ্টাপদ' — 'সঁউতি' ও 'অষ্টাপদ' শব্দের অর্থ কী?
- (চ) 'পরম কুলীন স্বামী বন্দ্য বংশ খ্যাত' — উদ্ধৃতিটিতে কোন্ অলঙ্কারের প্রয়োগ ঘটেছে ব্যাখ্যা করো।
- (ছ) 'অন্নদামঙ্গল' কাব্যের কালনির্দেশক শ্লোক উদ্ধৃত করে রচনাকাল নির্ণয় করো।
- (জ) 'শ্রীকৃষ্ণকীর্তন' কাব্যের অন্তর্গত জন্মখণ্ডের কাহিনি কবি কোথা থেকে গ্রহণ করেছেন?
- (ঝ) 'শ্রীকৃষ্ণকীর্তন' কাব্যে 'রাধা' অন্য কী নাম পরিচিত? তাঁর স্বামীর নাম কী?
- (ঞ) 'হুতোম পাঁচার নকশা' কবে রচিত হয়? এটি কোন্ শ্রেণির রচনা?
- ২। যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : ৫×২=১০
- (ক) চর্যাপদের সাহিত্যমূল্য সংক্ষেপে আলোচনা করো।
- (খ) 'শ্রীকৃষ্ণকীর্তন' কাব্যে অবলম্বনে 'রাধা' অথবা 'কৃষ্ণ' চরিত্রের পরিচয় দাও।
- (গ) 'দুর্গোৎসব' নকশাটি অবলম্বনে তৎকালীন জীবনচিত্র সম্পর্কে আলোকপাত করো।
- (ঘ) 'অন্নদামঙ্গল' কাব্যে অবলম্বনে 'দক্ষয়জ্ঞ' বর্ণনা করো।
- (ঙ) 'শ্রীকৃষ্ণকীর্তন' কাব্যের 'রাধাবিরহ' অংশটি প্রক্ষিপ্ত কিনা বিচার করো।

৩। যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও :

১০×২=২০

- (ক) রবীন্দ্রনাথ ভারতচন্দ্রের 'অন্নদামঙ্গল' কাব্যকে 'রাজকণ্ঠের মণিমালা' বলে উল্লেখ করেছেন। — উপযুক্ত উদ্ধৃতিসহ উক্ত মন্তব্যের সারবত্তা বিচার করো।
- (খ) 'শ্রীকৃষ্ণকীর্তন' কাব্যের 'রাধাবিরহ' খণ্ডে অবলম্বনে এই কাব্যের গীতিময়তার দিকটি আলোচনা করো।
- (গ) 'চর্যাপদগুলি একটি বিশেষ ধর্মসম্প্রদায়ের সাধনসঙ্গীত' — আলোচনা করো।
- (ঘ) 'ছতোম প্যাঁচার নকশা'য় উনিশ শতকের সমাজচিত্র কীভাবে প্রতিফলিত হয়েছে তা আলোচনা করো।
- (ঙ) 'শ্রীকৃষ্ণকীর্তন' কাব্যের পদসংখ্যা কত? এর কাব্যমূল্য বিচার করে দেখাও।
-